গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩২.০২.২১- ০২ -বিশেষ তারিখ:২৮/০১/২০২৬খ্রি.

**বিষয়: অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য 'যৌথ ঘোষণা' বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের (১) স্মারক নং- ৩৭.০০.০০০০.০০০.০৮৪.৯৯.০০০২.২৫.২, তারিখ: ০৫/০১/২০২৬খ্রি.
(২) স্মারক নং- ৩৭.০০.০০০০.০০০.০৮৪.৯৯.০০০২.২৫.৪, তারিখ: ০৫/০১/২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ১নং স্মারক এর পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে সরকার নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১. WHO Framework convention on Tobacco Control (এফসিটিসি) অনুচ্ছেদ ৫.৩ এর সুরক্ষাবিধি প্রতিষ্ঠানিকীকরণ ও অফিস, গুদামঘর ও বাজারসহ সকল স্থানে তামাকমুক্ত পরিবেশ নিশ্চিতকরণ;

২. ক্যান্টিন বা সরবরাহকারীর খাবারে স্বল্প লবণ, চিনি ও ট্রান্স ফ্যাটমুক্ত স্বাস্থ্যকর খাদ্য সরবরাহ নিশ্চিতকরণ;

৩. সরকারি সভায় তাজা ফল, বাদাম ও স্বাস্থ্যকর স্ন্যাক্স সরবরাহ নিশ্চিতকরণ;

৪. কর্মীদের জন্য প্রতি ঘন্টায় ডেস্ক-ভিত্তিক স্ট্রেচিং ব্যায়াম প্রবর্তন;

৫. সরকারি-সামাজিক-সংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে 'মিনি ম্যারাথন' বা এরূপ স্বাস্থ্য বান্ধব কর্মসূচি অন্তর্ভুক্তকরণ;

৬. সরকারি অফিস/প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট সকল কর্মচারীদের স্বাস্থ্য জীবনাচর যেমন- সিঁড়ি ব্যবহার, পায়ে হাঁটার অভ্যাস, সাইক্লিং একটানা চেয়ারে বসে না থাকা ইত্যাদি অসংক্রামক রোগ ও মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সচেতনতা বৃদ্ধিকরণ;

৭. সকল সরকারি প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে নারী, শিশু, প্রতিবন্ধী ও বয়স্ক বান্ধব সিঁড়ি, র‍্যাম্পসহ প্রাসঙ্গিক সুবিধা সংবলিত অবকাঠামো ডিজাইন নিশ্চিতকরণ;

সূত্রোক্ত ২নং স্মারকে অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে নিজস্ব অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সরকার নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১. সকল শিক্ষা প্রতিষ্ঠানে Health Promoting School (HPS) নীতি কাঠামো, কৌশল ও কর্মপরিকল্পনার সঙ্গে একীভূতকরণ ও কার্যকর সমন্বয় নিশ্চিতকরণ;

২. শিক্ষা প্রতিষ্ঠান তামাকমুক্ত ঘোষণা, ১০০ মিটারের মধ্যে তামাকজাত পণ্যের ব্যবহার, বিক্রয় ও প্রচার সম্পূর্ণ নিষিদ্ধকরণ, "তামাকমুক্ত শিক্ষা প্রতিষ্ঠান/অফিস" সাইনেজ প্রদর্শন এবং তামাক শিল্পের পৃষ্ঠপোষকতা কার্যক্রম নিষিদ্ধকরণ;

৩. প্রতিদিন শিক্ষার্থীদের কমপক্ষে ৩০ মিনিট মাঝারী থেকে উচ্চমাত্রার শারীরিক কার্যক্রম নিশ্চিতকরণ এবং খেলার মাঠ না থাকলে ইনডোর কার্যক্রমের ব্যবস্থা গ্রহণ;

৪. বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশিকা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে পুষ্টিসমৃদ্ধ, সুষম, কম চিনি, লবন ও ট্রান্স-ফ্যাটমুক্ত খাবার নিশ্চিত করা, শিক্ষা প্রতিষ্ঠানের আশেপাশে অস্বাস্থ্যকর খাদ্য ও চিনিযুক্ত পানীয়ের বিক্রয় ও বিপণন সীমিতকরণ;

৫. শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্য সম্মত বিকল্পসহ "হেলদি ক্যান্টিন" স্থাপন এবং অস্বাস্থ্যকর খাদ্য ও পানীয় শিল্প থেকে পৃষ্ঠপোষকতা নিষিদ্ধকরণ;

৬. শিক্ষাক্রমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, অসংক্রামক রোগ প্রতিরোধ ও তামাক নিয়ন্ত্রণ শিক্ষা অন্তর্ভুক্তকরণ, সহকারী শিক্ষক, প্রধান শিক্ষক ও কর্মচারীদের জন্য অসংক্রামক রোগ প্রতিরোধ, শারীরিক কার্যক্রম, পুষ্টি, মানসিক স্বাস্থ্য ও জরুরি সেবার উপর প্রাকসেবা ও কর্মরত অবস্থায় প্রশিক্ষণ প্রদান;

৭. শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীদের মানসিক স্বাস্থ্য সুরক্ষা ও সম্মানজনক পরিবেশ নিশ্চিতকরণ এবং "অত্যাবশ্যক স্বাস্থ্যসেবা প্যাকেজ ও সরঞ্জাম তালিকা" প্রণয়ন ও বাস্তবায়ন, যাতে অসংক্রামক রোগ প্রতিরোধ, মানসিক স্বাস্থ্য উন্নয়ন, পুষ্টি, শারীরিক কার্যক্রম, আঘাত প্রতিরোধ এবং মৌলিক স্বাস্থ্য পরীক্ষা অন্তর্ভুক্ত রাখার উদ্যোগ গ্রহণ।

৮. শিশুদের বাধ্যতামূলকভাবে সাঁতার শেখানোর উদ্যোগ গ্রহণ।

চলমান পাতা/০২

এমতাবস্থায়, ১ ও ২ নং সূত্রোক্ত স্মারক পত্রে উল্লেখিত কার্যক্রমসমূহ প্রতিপালন এবং প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিশেষ শিক্ষা শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১ ও ২ নং সূত্রোক্ত স্মারক পত্রের ছায়ালিপি।

18.01.26

(প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল)
পরিচালক (মাধ্যমিক)
ফোন নং- ০২-৪১০৫০২৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
০২. উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৩. উপ-পরিচালক (শারীরিক শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৪. উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
০৫. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।

সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/শিক্ষিকা, (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয়/স্কুল এন্ড কলেজ/সকল সরকারি ও বেসরকারি কলেজ) [কার্যক্রমটি বাস্তবায়নের অনুরোধসহ]।
০৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), [কার্যক্রমটি মনিটরিং এর অনুরোধসহ]।
০৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৭. সংরক্ষণ নথি।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
মহাপরিচালকের দপ্তর
প্রাপ্তি নং
তারিখ:
☐ পরিচালক
☐ প্রকল্প পরিচালক
☐ উপ-পরিচালক
☐ সহকারী পরিচালক
..........তারিখের মধ্যে
নথিতে দিবেন/আলাপ করুন।
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশিক্ষণ শাখা
shed.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০০.০০০০.০০০.০৮৪.৯৯.০০০২.২৫.২

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য 'যৌথ ঘোষণা' বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৬৮.২৪.০০০১.২৫-১১৮৯; তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৫।

বর্ণিত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে সরকার নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১. WHO Framework Convention on Tobacco Control (এফসিটিসি) অনুচ্ছেদ ৫.৩ এর সুরক্ষাবিধি প্রাতিষ্ঠানিকীকরণ ও অফিস, গুদামঘর ও বাজারসহ সকল স্থানে তামাকমুক্ত পরিবেশ নিশ্চিতকরণ;

২. ক্যান্টিন বা সরবরাহকারীর খাবারে স্বল্প লবণ, চিনি ও ট্রান্স ফ্যাটমুক্ত স্বাস্থ্যকর খাদ্য সরবরাহ নিশ্চিতকরণ;

৩. সরকারি সভায় তাজা ফল, বাদাম ও স্বাস্থ্যকর স্ন্যাক্স সরবরাহ নিশ্চিতকরণ;

৪. কর্মীদের জন্য প্রতি ঘন্টায় ডেস্ক-ভিত্তিক স্ট্রেচিং ব্যায়াম প্রবর্তন;

৫. সরকারি-সামাজিক-সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে 'মিনি ম্যারাথন' বা এরুপ স্বাস্থ্য বান্ধব কর্মসূচি অন্তর্ভুক্তকরণ;

৬. সরকারি অফিস/প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট সকল কর্মচারীদের স্বাস্থ্য বান্ধব জীবনাচার যেমন- সিঁড়ি ব্যবহার, পায়ে হাঁটার অভ্যাস, সাইক্লিং, একটানা চেয়ারে বসে না থাকা ইত্যাদি অসংক্রামক রোগ ও মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সচেতনতা বৃদ্ধিকরণ;

৭. সকল সরকারি প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে নারী, শিশু, প্রতিবন্ধী ও বয়স্ক বান্ধব সিঁড়ি, র‍্যাম্পসহ প্রাসঙ্গিক সুবিধা সংবলিত অবকাঠামো ডিজাইন নিশ্চিতকরণ;

উপরোল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের স্বার্থে নিজ নিজ অধিক্ষেত্র/আওতাভুক্ত বিষয় সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া, নিয়মিত বাস্তবায়ন প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সমন্বয় শাখায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ২৫-১১৮৯ - স্বাস্থ্য সেবা বিভাগের ২০ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

05-01-2026
কাজী নাজিব হাসান
সিনিয়র সহকারী সচিব
৯৫৪৬৫৬৫
moe.trainingsection@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
২। চেয়ারম্যান, চেয়ারম্যান দপ্তর, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল।
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৪। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।
৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ।।
৬। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রধান প্রকৌশলী-এর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
৭। পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর।
৮। পরিচালক, মহাপরিচালক এর দপ্তর, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট।
৯। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
১০। চেয়ারম্যান , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।
১১। ডেপুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি জেনারেল এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন।
১২। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
১৩। সদস্য সচিব, সদস্য সচিবের দপ্তর , বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট।
১৪। সদস্য সচিব (রুটিন দায়িত্ব), বোর্ড সচিবের দপ্তর, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড।
১৫। চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড।

**স্মারক নম্বর:** ৩৭.০০.০০০০.০০০.০৮৪.৯৯.০০০২.২৫.২/১ (৬)

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (সমন্বয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সমন্বয় সভার এজেন্ডাভুক্ত করার অনুরোধসহ)।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট (আইসিটি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি, ।

০৫-০১-২০২৬
কাজী নাজিব হাসান
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশিক্ষণ শাখা
shed.gov.bd

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
মহাপরিচালকের দপ্তর
ডায়েরি নং
তারিখ:
☐ পরিচালক
☐ প্রকল্প-পরিচালক
☐ উপ-পরিচালক
☐ সহকারী পরিচালক
.............................তারিখের মধ্যে
নথিতে দিবেন/আলাপ করুন।
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)

**স্মারক নম্বর:** ৩৭.০০.০০০০.০০০.০৮৪.৯৯.০০০২.২৫.৪

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য 'যৌথ ঘোষণা' বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৬৮.২৪.০০০১.২৫-১১৮৯; তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৫।

বর্ণিত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অসংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে নিজস্ব অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সরকার নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১. সকল শিক্ষা প্রতিষ্ঠানে Health Promoting School (HPS) নীতি কাঠামো, কৌশল ও কর্মপরিকল্পনার সঙ্গে একীভূতকরণ ও কার্যকর সমন্বয় নিশ্চিতকরণ;
২. শিক্ষা প্রতিষ্ঠান তামাকমুক্ত ঘোষণা, ১০০ মিটারের মধ্যে তামাকজাত পণ্যের ব্যবহার, বিক্রয় ও প্রচার সম্পূর্ণ নিষিদ্ধকরণ, “তামাকমুক্ত বিদ্যালয়" সাইনেজ প্রদর্শন এবং তামাক শিল্পের পৃষ্ঠপোষকতা কার্যক্রম নিষিদ্ধকরণ;
৩. প্রতিদিন শিক্ষার্থীদের কমপক্ষে ৩০ মিনিট মাঝারি থেকে উচ্চমাত্রার শারীরিক কার্যক্রম নিশ্চিতকরণ এবং খেলার মাঠ না থাকলে ইনডোর কার্যক্রমের ব্যবস্থা গ্রহণ;
৪. বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশিকা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে পুষ্টিসমৃদ্ধ, সুষম, কম চিনি, লবণ ও ট্রান্স-ফ্যাটমুক্ত খাবার নিশ্চিত করা, শিক্ষা প্রতিষ্ঠানের আশেপাশে অস্বাস্থ্যকর খাদ্য ও চিনিযুক্ত পানীয়ের বিক্রয় ও বিপণন সীমিতকরণ;
৫. শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্য সম্মত বিকল্পসহ "হেলদি ক্যান্টিন" স্থাপন এবং অস্বাস্থ্যকর খাদ্য ও পানীয় শিল্প থেকে পৃষ্ঠপোষকতা নিষিদ্ধকরণ;
৬. শিক্ষাক্রমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, অসংক্রামক রোগ প্রতিরোধ ও তামাক নিয়ন্ত্রণ শিক্ষা অন্তর্ভুক্তকরণ, সহকারী শিক্ষক, প্রধান শিক্ষক ও কর্মচারীদের জন্য অসংক্রামক রোগ প্রতিরোধ, শারীরিক কার্যক্রম, পুষ্টি, মানসিক স্বাস্থ্য ও জরুরি সেবার উপর প্রাক-সেবা ও কর্মরত অবস্থায় প্রশিক্ষণ প্রদান;
৭. শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীদের মানসিক স্বাস্থ্য সুরক্ষা ও সম্মানজনক পরিবেশ নিশ্চিতকরণ এবং "অত্যাবশ্যক স্বাস্থ্যসেবা প্যাকেজ ও সরঞ্জাম তালিকা" প্রণয়ন ও বাস্তবায়ন, যাতে অসংক্রামক রোগ প্রতিরোধ, মানসিক স্বাস্থ্য উন্নয়ন, পুষ্টি, শারীরিক কার্যক্রম, আঘাত প্রতিরোধ এবং মৌলিক স্বাস্থ্য পরীক্ষা অন্তর্ভুক্ত রাখার উদ্যোগ গ্রহণ।
৮. শিশুদের বাধ্যতামূলকভাবে সাঁতার শেখানোর উদ্যোগ গ্রহণ।

উপরোক্ত কার্যক্রম জরুরিভিত্তিতে প্রতিপালন এবং বাস্তবায়ন প্রতিবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সমন্বয় শাখায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ২৫-১১৮৯ - স্বাস্থ্য সেবা বিভাগের ২০ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

০৫-০১-২০২৬
কাজী নাজিব হাসান
সিনিয়র সহকারী সচিব
৯৫৪৬৫৬৫
moe.trainingsection@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

**স্মারক নম্বর:** ৩৭.০০.০০০০.০০০.০৮৪.৯৯.০০০২.২৫.৪/১ (৫)

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (সমন্বয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সমন্বয় সভার এজেন্ডাভুক্ত করার অনুরোধসহ)।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অফিস কপি, ।

০৫-০১-২০২৬
কাজী নাজিব হাসান
সিনিয়র সহকারী সচিব